

তথ্য অধিকার আইন, ২০০৯ বাস্তবায়নে অবক্ষণ(সুপারভিশন) ও পরিবীক্ষণ জেলা কমিটির ফেব্রুয়ারি, ২০১৯ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

সভাপতি : মো: শাহরিয়াজ, জেলা প্রশাসক, নাটোর
 স্থান : জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ, নাটোর
 তারিখ : ২৮ ফেব্রুয়ারি, ২০১৯ খ্রি.
 সময় : বেলা ১২:৪৫ টা
 উপস্থিত সদস্যবৃন্দ : পরিশিষ্ট “ক” দ্রষ্টব্য


উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতির আহবানে তথ্য প্রদানকারী কর্মকর্তা, জেলা প্রশাসকের কার্যালয়, নাটোর সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান এবং কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর পূর্ববর্তী সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের অগ্রগতি বিস্তারিত পর্যালোচনা করে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্রম	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১	২	৩	৪	৫
১	তথ্য অধিকার আইন, ২০০৯ বাস্তবায়নে তথ্য প্রদানকারী কর্মকর্তাদের অনলাইন প্রশিক্ষণ সংক্রান্ত	সভাপতি তথ্য অধিকার আইন, ২০০৯ বাস্তবায়নে জেলার সকল তথ্য প্রদানকারী কর্মকর্তাদের নিকট অনলাইন প্রশিক্ষণ সম্পর্কে জানতে চাইলে তথ্য প্রদানকারী কর্মকর্তা, জেলা প্রশাসকের কার্যালয়, নাটোর জানান এ পর্যন্ত জেলা পর্যায়ে ১৮ জন এবং উপজেলা পর্যায়ে ৬৭ জন অনলাইন প্রশিক্ষণ সম্পন্ন করেছেন। সভাপতি যে সকল দপ্তরের তথ্য প্রদানকারী কর্মকর্তাগণ এখনো অনলাইন প্রশিক্ষণ সম্পন্ন করেননি তাদেরকে অতিদ্রুত প্রশিক্ষণ সম্পন্ন করার জন্য নির্দেশ প্রদান করেন। সভাপতি তথ্য প্রদানকারী কর্মকর্তা, জেলা প্রশাসকের কার্যালয়, নাটোরকে তথ্য প্রদানকারী সকল কর্মকর্তা যেন প্রশিক্ষণ সম্পন্ন করতে পারে সে জন্য একদিনের প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে বলেন। উপস্থিত সকলে উক্ত প্রস্তাব সানন্দে অতিদ্রুত বাস্তবায়নের জন্য বক্তব্য প্রদান করেন।	সকল তথ্য প্রদানকারী কর্মকর্তাদের অনলাইন প্রশিক্ষণ সম্পন্ন করতে হবে।	তথ্য প্রদানকারী কর্মকর্তা, জেলা প্রশাসকের কার্যালয়, নাটোর
২	তথ্য অধিকার আইন, ২০০৯ বাস্তবায়নে অবক্ষণ(সুপারভিশন) ও পরিবীক্ষণ কমিটির সভা করাসহ কার্যবিবরণী প্রেরণ সংক্রান্ত	সভাপতি তথ্য অধিকার আইন, ২০০৯ বাস্তবায়নে অবক্ষণ(সুপারভিশন) ও পরিবীক্ষণ কমিটির মাসিক সভা করা হয় কিনা জানতে চাইলে তথ্য প্রদানকারী কর্মকর্তা, জেলা প্রশাসকের কার্যালয়, নাটোর জানান উপজেলা থেকে নিয়মিত কার্যবিবরণী পাওয়া যায় না। সভাপতি উপজেলা নির্বাহী কর্মকর্তা(সকল), নাটোরকে নিয়মিত তথ্য অধিকার আইন, ২০০৯ বাস্তবায়নে অবক্ষণ(সুপারভিশন) ও পরিবীক্ষণ কমিটির সভা করা	তথ্য অধিকার আইন, ২০০৯ বাস্তবায়নে অবক্ষণ(সুপারভিশন) ও পরিবীক্ষণ কমিটির নিয়মিত সভা করে	উপজেলা নির্বাহী কর্মকর্তা(সকল), নাটোর;



ক্রম	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
		এবং সভার কার্যবিবরণী নিয়মিত প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করেন।	কার্যবিবরণী প্রেরণ করতে হবে।	
৩	তথ্য অধিকার আইন, ২০০৯ বাস্তবায়নে তথ্য প্রদানকারী কর্মকর্তাদের তথ্য প্রদান সংক্রান্ত	সভাপতি তথ্য অধিকার আইন, ২০০৯ বাস্তবায়নে তথ্য প্রদানকারী কর্মকর্তাগণ কি ধরনের তথ্য প্রদান করবেন, কতদিনের মধ্যে তথ্য প্রদান করবেন, আবেদনকারীর তথ্য পাওয়া না গেলে কি উত্তর প্রদান করতে হবে, কি ধরনের তথ্য প্রদান করা যাবে না সেসকল বিষয় সম্পর্কে উপস্থিত সকলকে অবহিত করেন। এছাড়াও তিনি বলেন যদি কারো কোন তথ্য প্রদান করতে সমস্যা সৃষ্টি হয় তবে সে যেন তথ্য প্রদানকারী কর্মকর্তা, জেলা প্রশাসকের কার্যালয়, নাটোর-এর নিকট যোগাযোগ করেন।	সকল তথ্য প্রদানকারী কর্মকর্তাগণকে তথ্য প্রদান করতে হবে।	তথ্য প্রদানকারী কর্মকর্তা, জেলা প্রশাসকের কার্যালয়, নাটোর; তথ্য প্রদানকারী কর্মকর্তা(সকল), নাটোর

অন্য কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সদস্যদের ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


০৭.০৬.১৯

মো: শাহরিয়াজ
জেলা প্রশাসক
নাটোর।

ফোন: +৮৮-০৭৭১-৬৬৭৪১(অফিস)
ইমেইল: dcnatore@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, নাটোর
(আইসিটি শাখা)
www.natore.gov.bd

স্মারক সংখ্যা : ০৫.৪৩.৬৯০০.০২৩.২২.০০১.১৮. ৩২৮


তারিখ : ২৩ ফাল্গুন, ১৪২৫
০৭ মার্চ, ২০১৯

অনুলিপি সদয় জ্ঞাতার্থে: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. সচিব, তথ্য কমিশন, প্রল্লভ ভবন, শেরে বাংলানগর, ঢাকা-১২০৭
৪. বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী
৫. জেলা প্রশাসক.....(সকল)

অনুলিপি জ্ঞাতার্থে/কার্যার্থে:(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১. পুলিশ সুপার, নাটোর।
০২. সিভিল সার্জন, নাটোর।
০৩. অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বিক), নাটোর।
০৪. উপজেলা নির্বাহী অফিসার, নাটোর সদর/সিংড়া/গুরুদাসপুর/বড়াইগ্রাম/লালপুর/বাগতিপাড়া/নলডাঙ্গা, নাটোর।
০৫. উপজেলা পরিষদ চেয়ারম্যান, নাটোর সদর।
০৬. অধ্যক্ষ, রাণী ভবানী সরকারি মহিলা কলেজ, নাটোর।
০৭. অধ্যক্ষ, নবাব সিরাজ উদ্-দৌলা সরকারি কলেজ, নাটোর।
০৮. জেলা শিক্ষা অফিসার, নাটোর।
০৯. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, নাটোর।
১০. জেলা তথ্য অফিসার, নাটোর।
১১. উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, নাটোর।
১২. উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, নাটোর।
১৩. উপ-পরিচালক, জেলা সমাজ সেবা অফিস, নাটোর।
১৪. জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, নাটোর।
১৫., নাটোর।


০৭/০৩/১৯

(নাজমুল আলম)
সহকারী কমিশনার

ও

তথ্য অধিকার আইন, ২০০৯ এর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা
জেলা প্রশাসকের কার্যালয়নাটোর,
ফোন-০৭৭১-৬৬৩৮৩

E-mail: acictnator@yahoo.com